

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০৫১

আগরতলা, ২০ অক্টোবর, ২০১৯

এয়ার এশিয়ার বিমান পরিষেবার সূচনা  
প্রধানমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে যে পরিকল্পনা নিয়েছেন  
রাজ্য সরকারও সেই দিশাতেই কাজ করছে : মুখ্যমন্ত্রী

রাজ্যের যাত্রী সাধারণের সুবিধার্থে আজ থেকে আগরতলার মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বিমানবন্দর থেকে এয়ার এশিয়ার বিমান পরিষেবা শুরু হয়েছে। এই উপলক্ষে আগরতলা এয়ারপোর্টে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি ভাষণ রাখতে গিয়ে বলেন, গত ১৪ আগস্ট স্বাধীনতা দিবসের প্রাককালে রাজ্যবাসী আগরতলা-দিল্লী সরাসরি বিমান পরিষেবা উপহার হিসেবে পেয়েছিলেন। আজ দীপাবলী উৎসবের প্রাককালে রাজ্যবাসী এয়ার এশিয়ার বিমান পরিষেবা উপহার হিসেবে পেলেন। এরজন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রীকে রাজ্যবাসীর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, রাজ্য থেকে স্পাইসজেট বিমান পরিষেবা উঠিয়ে নেওয়ার পর রাজ্যের যাত্রীদের সমস্যা দেখা দেয়। সমস্যা নিরসনের জন্য কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহনের সাথে আলোচনা করলে তিনি রাজ্যে এয়ার এশিয়া বিমান পরিষেবা চালু করার আশ্বাস দিয়েছিলেন। সেই পরিপ্রেক্ষিতেই এয়ার এশিয়া আজ থেকে রাজ্যে তাদের বিমান পরিষেবা চালু করেছে। ফলে আজকের দিনটি রাজ্যের জনগণের জন্য অবশ্যই খুশির দিন। তিনি বলেন, এয়ার এশিয়া আগরতলা থেকে রবিবার ছাড়া সপ্তাহের ছয় দিন ৩টি করে মোট ৬টি বিমান পরিষেবা চালু রাখবে এবং রবিবারে ২টি করে মোট ৪টি বিমান পরিষেবা চালু রাখবে। এরফলে কলকাতা, দিল্লী (ভায়া কলকাতা), গুয়াহাটী এবং ইম্ফলের সাথে সংযোগ সাধিত হবে। এরজন্য এয়ার এশিয়ার কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ত্রিপুরাতে এই প্রথম ১৮টি বিমান চলাচল করবে। যা রাজ্যের জনগণের জন্য নিশ্চয়ই খুশির বিষয়।

মুখ্যমন্ত্রী প্রসঙ্গক্রমে বলেন, রাজ্য সরকার রাজ্যের অষ্টাচারীদের বিরক্তে আইনী ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্যের জনগণের নিকট যে অঙ্গীকার করেছিল তাতে কখনোই আপোষ করবেনা। যারা অষ্টাচারীদের পাশে থাকবে তাদেরকেও জনগণ কখনো ক্ষমা করবেনা। প্রধানমন্ত্রী ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে যে পরিকল্পনা নিয়েছেন রাজ্য সরকারও সেই দিশাতে কাজ করছে। রাজ্যের ২ জন সাংসদও রাজ্যের উন্নয়নে সংসদে বিভিন্ন দাবি জানিয়েছেন।

অনুষ্ঠানে সাংসদ প্রতিমা তৌমিক বলেন, এয়ার এশিয়া রাজ্যে যে বিমান পরিষেবা চালু করেছে তা শুধু রাজ্যের জন্য নয়, পুরো উত্তর-পূর্বাঞ্চলের জনগণের জন্য খুশীর দিন। মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বিমানবন্দর খুব কম সময়ের মধ্যেই অনেক উন্নত হয়েছে এবং যাত্রী সাধারণকে ভালো পরিষেবা প্রদান করছে।

অনুষ্ঠানে এয়ার এশিয়ার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সঞ্চয় কুমার বলেন, বর্তমানে এয়ার এশিয়া আগরতলা থেকে কলকাতা, দিল্লী (ভায়া কলকাতা), গুয়াহাটী এবং ইম্ফল-এর মধ্যে বিমান পরিষেবা চালু করবে। ভবিষ্যতে ব্যাঙালোর, চেনাই ও মুম্বাই-র মতো শহরের মধ্যেও আগরতলা থেকে বিমান পরিষেবা চালু করা হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক ডাঃ দিলীপ দাস, এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক অধিকর্তা সঞ্জীব জিন্দাল প্রমুখ। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী প্রগজিঃ সিংহ রায়, সাংসদ রেবতী মোহন ত্রিপুরা এবং আগরতলা এয়ারপোর্টের অধিকর্তা জি কে শেঠ। উদ্বোধনী অনুষ্ঠানের পর মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বিমানবন্দর থেকে এয়ার এশিয়ার প্রথম বিমানটি গুয়াহাটির উদ্দেশ্যে রওনা দেয়।

\*\*\*\*\*